বৈষম্য নিরসনে তিন দফা দাবিতে প্রকৌশল শিক্ষার্থীদের ‘লং মার্চ টু ঢাকা’ বুধবার



সংগৃহীত ছবি

চাকরিতে বৈষম্য ও ডিগ্রির মর্যাদা প্রতিষ্ঠার দাবিতে প্রকৌশল শিক্ষার্থীরা বুধবার শাহবাগে ‘লং মার্চ টু ঢাকা’ কর্মসূচি পালন করবেন। সরকারের সাড়া না মেলায় তারা কঠোর আন্দোলনের ঘোষণা দিয়েছেন।

প্রকৌশল শিক্ষার্থীরা তিন দফা দাবিতে আগামীকাল বুধবার (২৭ আগস্ট) রাজধানীর শাহবাগে ‘লং মার্চ টু ঢাকা’ কর্মসূচি পালন করবেন। মঙ্গলবার (২৬ আগস্ট) রাতে আন্দোলনকারীরা শাহবাগ থেকে এ ঘোষণা দেন।

তাদের অভিযোগ, বিএসসি ডিগ্রিধারী হয়েও সরকারি চাকরিতে তারা বৈষম্যের শিকার হচ্ছেন। নবম ও দশম গ্রেডে কোটা থাকার কারণে মেধাবীরা বঞ্চিত হচ্ছেন। একইসঙ্গে বিএসসি ডিগ্রি ছাড়া ‘ইঞ্জিনিয়ার’ পদবি ব্যবহারেরও প্রতিবাদ জানান তারা।

এদিন বিকেলে সাবেক এক শিক্ষার্থী কর্মস্থলে হেনস্তার শিকার হলে শিক্ষার্থীরা শাহবাগ মোড় অবরোধ করেন। এতে যান চলাচল বন্ধ হয়ে আশপাশে ভোগান্তি সৃষ্টি হয়। শিক্ষার্থীদের সঙ্গে ঢাকা বিশ্ববিদ্যালয় ও অন্যান্য প্রতিষ্ঠানের প্রকৌশল শিক্ষার্থীরাও একাত্মতা প্রকাশ করেন।

উল্লেখ্য, কয়েকদিন ধরে চলমান আন্দোলনে সাড়া না মেলায় এবার শিক্ষার্থীরা কঠোর কর্মসূচির ঘোষণা দিয়েছেন।